গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মুরারিচাঁদ কলেজ, সিলেট
website : www.mccollege.edu.bd
email : m.c.college_sylhet@live.com

তারিখ: ০২.০৩.২০২৫ খ্রি.

## ২০২৪ সালের ডিগ্রী (পাস) প্রাইভেট ও সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি

মুরারিচাঁদ কলেজ, সিলেট হতে ২০২৪ সালের ডিগ্রী (পাস) বি.এ/ বি.এস.এস প্রাইভেট/সার্টিফিকেট কোর্স পরীক্ষায় প্রাইভেট প্রার্থী হিসেবে অংশগ্রহণেচ্ছুদের রেজিস্ট্রেশন সংক্রান্ত নিয়মাবলী নিম্নে দেয়া হলো ঃ

১. প্রাইভেট রেজিস্ট্রেশনের আবেদন ও কলেজে জমা দেয়ার সময়সীমা ঃ

ক) আগ্রহী প্রার্থীদেরকে ০৪.০৩.২০২৫ হতে ১৩.০৩.২০২৫ তারিখের মধ্যে www.admissions.nu.edu.bd অথবা www. nu.ac.bd/admissions. ওয়েবসাইট থেকে Degree Pass অপশনে গিয়ে Blank Data Entry Form (Deg. Private) অপশনের মাধ্যমে প্রার্থীগণ প্রয়োজনীয় তথ্য সঠিকভাবে এন্ট্রি করে আবেদন ফরম সংগ্রহ/ ডাউনলোড করতে হবে। প্রাইভেট সার্টিফিকেট কোর্সে আবেদনকারী প্রার্থীরাও একই অপশন থেকে আবেদন করতে পারবে।

খ) ০৪.০৩.২০২৫ তারিখ হতে ফি বাবদ (প্রাথমিক আবেদন ফি-৩০০, রেজিস্ট্রেশন ফি ৪৮৫, ব্যবস্থাপনা ফি-৫০, ইনকোর্স ফি-২৫০ ও প্রস্তুতিমূলক পরীক্ষার ফি-৩৫০)=১,৪৩৫/- (এক হাজার চারশত পঁয়ত্রিশ টাকা) “সোনালী ই-সেবা” এর মাধ্যমে জমা দিতে হবে।

শিক্ষার্থীরা https://sbl.com.bd:7070 লিংকে প্রবেশ করে অথবা সোনালী ই-সেবা (Sonali eSheba) মোবাইল অ্যাপের "National University Fees" মেন্যু থেকে "Admission Fee" বাটনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য দিয়ে রেজিস্ট্রেশন ফি পরিশোধ করতে হবে। রেজিস্ট্রেশন ফি পরিশোধের পর প্রাপ্ত পেমেন্ট স্লিপ এর (Payment Slip) শিক্ষার্থীর কপি সংরক্ষণ করবে এবং কলেজ কপি সংশ্লিষ্ট কাগজপত্রের সাথে জমা দিতে হবে। উল্লেখ্য যে, প্রাইভেট কোর্সের সকলকে সোনালী ই-সেবার (Sonali eSheba) এর মাধ্যমে অবশ্যই টাকা জমা দিতে হবে।

গ) সংশ্লিষ্ট কাগজপত্র, পূরণকৃত অনলাইনের আবেদন ফরম ও “সোনালী ই-সেবা” এ প্রদত্ত ফি জমাদানের কলেজকপিসহ আগামী ০৪.০৩.২০২৫ হতে ১৩.০৩.২০২৫ তারিখ (শুক্রবার ও সরকারি ছুটির দিন ব্যতিত) সকাল ১০.৩০ টা থেকে বেলা ১.০০ টা পর্যন্ত তথ্য ও অনুসন্ধান কেন্দ্রে সংশ্লিষ্ট কমিটির নিকট জমা দিতে হবে।

২. স্নাতক (পাস) প্রাইভেট রেজিস্ট্রেশনের আবেদন করার যোগ্যতা ঃ

ক) বাংলাদেশ-এ স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড হতে ২০২২ সাল বা তৎপূর্বে উচ্চমাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা ২০২৪ সালের স্নাকত (পাস) প্রাইভেট কোর্সে *সালের ডিগ্রী (পাস) (বি.এ/ বি.এস.এস) কোর্সে প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।* এছাড়া বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে এইচ.এস.সি সমমান কোর্স সমূহ থেকে এইচ.এস.সি (ভোকেশনাল), ডিপ্লোমা-ইন-কমার্স, এইস.এস.সি (বিজনেস্ ম্যানেজমেন্ট) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা আবেদন করতে পারবে।

খ) O-Level পরীক্ষায় তিনটি বিষয়ে ‘বি’ গ্রেডসহ অন্তত ০৪ (চার) টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০২২ সাল বা তৎপূর্বে A-Level পরীক্ষায় একটি বিষয়ে ‘বি’ গ্রেডসহ অন্তত ০২ (দুই) টি বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০২৪ সালের এ কোর্সে আবেদন করতে পারবে। এ সকল শিক্ষার্থী অনলাইনে আবেদন না করে নির্ধারিত সময়ের মধ্যে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি/ইমেইল এ্যাড্রেসে (degpassnu@gmail.com) আবেদন পত্র প্রেরণ করবে।

*গ) ১৯৮৮ সালের পূর্বে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে আলীম পরীক্ষায় উত্তীর্ণ কোন প্রার্থী প্রাইভেট রেজিষ্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না।*

বি.দ্রঃ একই অথবা ভিন্ন শিক্ষাবর্ষে কোন প্রার্থী স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

৩. প্রাইভেট সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনের আবেদন করার যোগ্যতা ঃ

ক) বাংলাদেশ-এ স্বীকৃত যেকোন স্নাতক ডিগ্রী ধারী যে কোন ছাত্র/ছাত্রী যে সকল বিষয় নিয়ে ডিগ্রী (পাস) পরীক্ষায় কৃতকার্য হয়েছে সে সব বিষয় ছাড়া নিম্নে উল্লিখিত যে কোন একটি বিষয়ে প্রাইভেট পরীক্ষার্থীর সাথে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে কোর্স এন্ড কারিকুলাম অনুযায়ী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণের জন্য রেজিস্ট্রেশনের আবেদন করতে পারবে। বিষয় সমূহ ঃ দর্শন, ইসলামী শিক্ষা, অর্থনীতি, সমাজবিজ্ঞান, রাষ্ট্রবিজ্ঞান, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি।

ঙ) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে ফাজিল বা কামিল পরীক্ষায় উত্তীর্ণ কোন প্রার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষার প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না।

চ) সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশন প্রাপ্ত শিক্ষার্থীরা ২০২৪ সালের স্নাতক (পাস) প্রাইভেট পরীক্ষার্থীদের সঙ্গে একই কোর্স ও কারিকুলাম অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

৪. পাঠ্যক্রম ও পাঠ্যসূচী ঃ

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ডিগ্রী (পাস) কোর্সে ভর্তিকৃত নিয়মিত শিক্ষার্থীগণ যে পাঠ্যক্রম ও পাঠ্যসূচী অনুসরণ করবে প্রাইভেট প্রার্থীগণও সেই পাঠ্যক্রম ও পাঠ্যসূচী অনুসরণ করবে।

৫. নিম্নে উল্লিখিত প্রয়োজনীয় কাগজপত্রাদি আবেদনপত্রের সংগে জমা দিতে হবে ঃ

ক. মাধ্যমিক/ সমমান এবং উচ্চমাধ্যমিক/ সমমান পরীক্ষা পাসের সনদপত্র ও নম্বরপত্রের ফটোকপি এবং সার্টিফিকেট কোর্সের জন্য উল্লিখিত সনদপত্র ও নম্বরপত্রের ফটোকপিসহ স্নাতক (পাস) পরীক্ষার সনদপত্র ও নম্বরপত্রের ফটোকপি ০১ সেট।

খ. নিজ নাম-ঠিকানা-মোবাইল নম্বর লিখিত একটি খামে (১০×১৪ সাইজের) সকল কাগজপত্র জমা দিতে হবে। তবে মূল নম্বরপত্র জমা দেওয়ার প্রয়োজন নেই।

গ. কোন অধিভুক্ত কলেজের অধ্যক্ষ অথবা কোন প্রথম শ্রেণীর গেজেটেড অফিসারের নিকট থেকে চারিত্রিক সনদপত্র এবং পাঠ বিরতির প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

ঘ. সামরিক বাহিনী, পুলিশ, বি.জি.বি ও আনসার বাহিনীতে চাকুরীরত প্রার্থীদেরকে তাদের চাকুরী দু-বছর পূর্ণ হয়েছে এ মর্মে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র জমা দিতে হবে। তাদের চাকুরীতে নিয়োগের তারিখ, পরীক্ষায় অংশগ্রহণ পর্যন্ত চাকুরীতে বহাল থাকার বিবরণ এবং পরীক্ষার সময় তাকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য ছুটি মঞ্জুর করা হবে ইত্যাদি বিষয় প্রত্যয়নপত্রে উল্লেখ থাকতে হবে।

ঙ. সরকারী/ আধা-সরকারী/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র জমা দিতে হবে। পরীক্ষার সময় তাকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য ছুটি মঞ্জুর করা হবে মর্মে প্রত্যয়ন পত্রে উল্লেখ থাকতে হবে।

৬. রেজিস্ট্রেশন/ পরীক্ষা সংক্রান্ত বিষয়ে যদি কোন ভুল-ত্রুটি ধরা পড়ে অথবা রেজিস্ট্রেশন/ পরীক্ষা বাতিলের কোন প্রশ্ন উঠে তাহলে জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

৭. বিজ্ঞপ্তিতে বর্ণিত সকল শর্ত পূরণ না করলে কোন প্রার্থীকে রেজিস্ট্রেশন প্রদান করা হবে না।

৮. *ডাকযোগে বা কুরিয়ার সার্ভিসে প্রেরিত কোন কাগজপত্রাদি গ্রহণ করা হবে না। আদালতে বিচারাধীন/ দন্ডপ্রাপ্ত ব্যক্তিগণ প্রাইভেট পরীক্ষার্থীদের জন্য পালনীয় শর্তাবলী পূরণ, উত্তম আচরণের প্রত্যয়নপত্র প্রদান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অনুমতিক্রমে প্রাইভেট/ সার্টিফিকেট কোর্সের পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।*

*রেজিস্ট্রেশন সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট* **nu.ac.bd/admissions** *হতে জানা যাবে।*

০২/৬/২০২৪

অধ্যক্ষ

মুরারিচাঁদ কলেজ, সিলেট

E:\My Document\Admission\Degree Pvt admission-2024\Degree pvt admission-2024.doc Mcc